



বিবাহবিচ্ছেদের ঘোষণা দিলেন তারকা দম্পতি প্রীতম-শেহতাজ



ছবি: সংগৃহীত

গায়ক ও অভিনেতা প্রীতম হাসান এবং অভিনেত্রী ও মডেল শেহতাজ মুনিরা হাশেম বিবাহবিচ্ছেদের সিদ্ধান্ত নিয়েছেন।

রোববার (৪ অক্টোবর) রাতে ফেসবুকে দেওয়া এক পোস্টে বিষয়টি জানিয়েছেন শেহতাজ। তিনি বলেন, পারস্পরিক সম্মতি ও বোঝাপড়ার ভিত্তিতে প্রায় ১০ বছরের দাম্পত্য জীবনের ইতি টানার সিদ্ধান্ত নিয়েছেন তারা।

শেহতাজ বলেন, একসঙ্গে কাটানো সময় ও স্মৃতির জন্য আমরা দুজনই কৃতজ্ঞ এবং এখনও একে অপরের প্রতি যত্নশীল। তবে সময়ের সঙ্গে পারস্পরিক বোঝাপড়ার অভাবে আলাদা থাকাই দুজনের জন্য ভালো হবে বলে বুঝতে পেরেছি। তাই দুই পরিবারের সমর্থনেই বিবাহবিচ্ছেদের প্রক্রিয়ায় এগোচ্ছি আমরা।

ব্যক্তিগত এই পরিবর্তনের সময়ে তাদের গোপনীয়তা ও ব্যক্তিগত বিষয়কে সম্মান করার জন্য বন্ধু, সহকর্মী ও গণমাধ্যমের প্রতি অনুরোধ জানিয়েছেন শেহতাজ। নতুন অধ্যায়টি নিজেদের মতো করে সামলাতে সবার সহযোগিতা ও বোঝাপড়া কামনা করেন তিনি।

উল্লেখ্য, ২০২২ সালের ২৮ অক্টোবর শ্রীমঙ্গলে আয়োজন করে প্রীতম হাসান ও শেহতাজ মুনিরা হাশেমের বিয়ে হয়। এর আগে প্রায় পাঁচ বছর সম্পর্কে ছিলেন তারা।